# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ قَالَ: حَدَّثَنِي سِمَاكُ بْنُ حَرْبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ [ص: 194] بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ ابْنِ مَسْعُودٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(رَحِمَ اللَّهُ مَنْ سَمِعَ مِنِّي حَدِيثًا فَبَلَّغَهُ كَمَا سَمِعَهُ فرُبَّ مُبَلَّغٍ أوعى له من سامع)
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح – تقدم (66).

الحديث: 68 ¦ الجزء: 1 ¦ الصفحة: 193

বাংলা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْفَضْلِ إِنَّمَا يَكُونُ لِمَنْ أَدَّى مَا وَصَفْنَا كَمَا سَمِعَهُ سَوَاءً مِنْ غَيْرِ تَغْيِيرٍ وَلَا تَبْدِيلٍ فِيهِ

এ ফযীলত কেবল ঐ ব্যক্তির জন্যই, আমরা যেমন বলেছি, যে যেভাবে শুনেছে, কোন পরিবর্তন ও পরিবর্ধন না করে সেভাবেই হুবহু অন্যের নিকট বর্ণনা করেছে- এ সম্পর্কিত বর্ণনাঃ

৬৮. আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলা সেই ব্যক্তিকে রহম করুন, যে আমার কোন কথা (হাদীস) শুনেছে এবং যেভাবে শুনেছে সেভাবেই অন্যের নিকট তা (হাদীসটি) পৌঁছে দিয়েছে। এমন অনেক ব্যক্তি আছে যার নিকট হাদীস পৌছানো হয়, নিজ কানে তা শ্রবনকারী (যিনি শুনে তার নিকট পৌছে দিচ্ছেন), তার চেয়ে তা অধিক সংরক্ষণকারী হয়ে থাকেন।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: হাসান।
তাখরীজ: এটি ৬৬ নং এ গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86967

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন